



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, কামরাট, ঢাকা-১২১৫  
www.dls.gov.bd



নথি নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৮- ১৮০৬

তারিখঃ ০৮/১১/২০১৯ খ্রীঃ।

প্রাপক  
নারিশ পোল্ট্রি এন্ড হ্যাচারী লিঃ  
(খামারঃ সুয়াইদপুর, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ)।

**বিষয়ঃ ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ব্যবস্থাপনা পরিচালক, নারিশ পোল্ট্রি এন্ড হ্যাচারী লিঃ এর ৩০/১০/২০১৯ খ্রীঃ তারিখের আবেদন পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে ফ্রাফ হতে ১ (এক) দিন বয়সী SHAVER BROWN Parent stock ব্রয়লার জাতের ২০.৯,৬৮ টি (বিশ হাজার নয় শত আটষাট) মুরগীর বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আমদানী ০৫/০২/২০২০ খ্রীঃ তারিখের মধ্যে আমদানী করার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহঃ

০১. অনুমোদিত সকল প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা "সংক্রামক রোগমুক্ত" এ মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ডেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
০২. বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন ও একটি প্রতিবেদন দাখিল করবেন।
০৩. বাচ্চা দেশে পৌঁছার পর-পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরবিন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
০৪. অনুমোদিত সকল প্যারেন্টস্টক বিমানযোগে আমদানী করতে হবে এবং এ আমদানীর মেয়াদ আগামী ০৫/০২/২০২০ খ্রীঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
০৫. বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
০৬. বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এনসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
০৭. রপ্তানীকারক দেশে/সংশ্লিষ্ট State-এ Notifiable AI দেবা দিলে তৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়-দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
০৮. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবেন।
০৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা-কে অবহিত করতে হবে।

ডাঃ পল্লব কুমার দত্ত

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

ফোনঃ +৮৮-০২-৯১১৫৯৩৬

ই-মেইলঃ adtraining.dls@gmail.com

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ।
- ৩। পি,এস,ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ। হ্যাচারী পরিদর্শন পূর্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নিশ্চিতঃ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।